গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-১ শাখা
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের বাজেটের ১ম কোয়ার্টারের (জুলাই ২০১৯-সেপ্টেম্বর ২০১৯) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, পরিবীক্ষণ ও অনুমোদনের লক্ষ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোফাজ্জেল হোসেন<br>সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ০৫.১১.২০১৯ |
| সময় | : | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৯৩০, নবম তলা),রেলভবন, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট—'ক' দ্রষ্টব্য

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের বাজেটের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে অর্থবছরের শুরুতেই কোয়ার্টারভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নপূর্বক যথাযথভাবে উক্ত পরিকল্পনা বাস্তবায়ন এবং বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রার প্রকৃত অর্জন/অগ্রগতি পর্যালোচনা এবং বাজেট বাস্তবায়নে বিদ্যমান সমস্যা/সীমাবদ্ধতা চিহ্নিতক্রমে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের উপায় নিরূপণ করে বাজেট বাস্তবায়নে বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সার্বিক পরিবীক্ষণের জন্য অর্থ বিভাগের ২৫.০৯.২০১৮ তারিখের ৪৫০ নং স্মারকে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণে সুনির্দিষ্ট ও সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়নের জন্য বিভিন্ন দিক নির্দেশনা রয়েছে। অতঃপর সভাপতি উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন)-কে অর্থ বিভাগের উক্ত পরিপত্র অনুসরণে রেলপথ মন্ত্রণালয় ও এর অধীনস্থ সংস্থা রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়ে এর ২০১৯-২০ অর্থবছরের প্রণীত বাজেট বাস্তবায়ন পরিকল্পনার আলোকে ১ম কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০৩। উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) অর্থবিভাগের পরিপত্রের নির্দেশনা পরিপালনার্থে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুসারে বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও পর্যালোচনার জন্য আলোচ্যসূচিসমূহ সভায় ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি-১:** অর্থ বিভাগের পরিপত্রের ফরম-খ.৩: মোতাবেক রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থ বছরের ১ম কোয়ার্টারের (জুলাই ২০১৯-সেপ্টেম্বর ২০১৯) কর ব্যতীত রাজস্ব প্রাপ্তি ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও পরিবীক্ষণ;

উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) নিম্নবর্ণিত ছক আকারে রেলপথ মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর সমূহের রাজস্ব আয় পরিস্থিতি উপস্থাপন করেন।

## রাজস্ব আয় (২০১৯-২০):

| দপ্তর/সংস্থা | ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা, অর্জন ও শতকরা হার | | | মোট লক্ষ্যমাত্রা, অর্জন ও শতকরা হার (২০১৯-২০) | | |
|---|---|---|---|---|---|---|
| | **লক্ষ্যমাত্রা (হাজার টাকায়)** | **অর্জন (হাজার টাকায়)** | **শতকরা হার (%)** | **লক্ষ্যমাত্রা (হাজার টাকায়)** | **অর্জন (হাজার টাকায়)** | **শতকরা হার (%)** |
| রেলপথ মন্ত্রণালয় (সচিবালয়) | ৩,০০ | ৪০.৪১ | ১৩.৪৭% | ১২,০০ | ৪০.৪১ | ৩.৩৭% |
| বাংলাদেশ রেলওয়ে | ৪৫৮,৭৮,৯৩ | ৯৪,২৫,৭২ | ২০.৫৪% | ২০১২,০০,০০ | ৯৪,২৫,৭২ | ৪.৬৮% |
| সর্বমোট | **৪৫৮,৮১,৯৩** | **৯৪২৬১২.৪১** | **২০.৫৪%** | **২০১২,১২,০০** | **৯৪২৬১২.৪১** | **৪.৬৮%** |

**সচিবালয়:** উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের সচিবালয় অংশে ১ম কোয়ার্টারের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অর্জনের শতকরা হার ১৩.৪৭% হয়েছে। সচিবালয় অংশে উল্লেখযোগ্য আয়ের খাত সীমিত আকারের হলেও আদায়ের এই হার সন্তোষজনক নয়।

**বাংলাদেশ রেলওয়ে:** উপস্থাপিত তথ্য মতে বাংলাদেশ রেলওয়ের ১ম কোয়ার্টারের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রার **২০.৫৪%** অর্জিত হয়েছে। এ বিষয়ে বাংলাদেশ রেলওয়ের পক্ষ হতে সভায় জানানো হয়, বাংলাদেশ রেলওয়ের ১ম কোয়ার্টারের যে রাজস্ব প্রাপ্তি দেখানো হয়েছে এতে প্রকৃত তথ্য প্রদর্শিত হয়নি। আলোচনায় অংশগ্রহণ করে অতিরিক্ত সচিব (প্রশাসন) উল্লেখ করেন, সভার কার্যপত্রে বাংলাদেশ রেলওয়ের আয়ের সঠিক তথ্য উপস্থাপনে বাংলাদেশ রেলওয়ে হতে কোয়ার্টার সমাপ্তির ১মাস সময়ের অধিক অতিক্রান্ত হলেও সঠিক তথ্য না পাওয়া কাম্য নয়। তিনি জানান, হিসাব বিভাগ ও বাণিজ্য বিভাগের আয়ের তথ্যের পার্থক্য নিরসনে বাংলাদেশ রেলওয়ের কার্যকর উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

এ প্রসঙ্গে অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) সভায় জানান যে, রেলওয়ের হিসাব ব্যবস্থা ডিজিটালাইজড না থাকার কারণে যে সময়ের হিসাব অন্তর্ভুক্ত করা হয়, ঐ সময়ের প্রকৃত আর্থিক অবস্থা প্রকাশ পায়না। এছাড়া বাংলাদেশ রেলওয়ের যাত্রী ও মালামাল বাবদ অর্জিত আয় বাণিজ্যিক বিভাগ দৈনিক ভিত্তিতে হিসাবভুক্ত করে। কিন্তু প্রাপ্ত আয়ের টাকা অগ্রণী ব্যাংকের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম শাখায় জমা হওয়ার পর এফএ এন্ড সিএও, পূর্ব (চট্টগ্রাম) দপ্তরে হিসাবভুক্ত হয়। এ প্রক্রিয়া সম্পন্ন হতে প্রায় দুই মাস সময় অতিবাহিত হয়। ফলে বাণিজ্যিক বিভাগের সাথে হিসাব বিভাগের আয়ের পার্থক্য পরিলক্ষিত হয়। অগ্রণী ব্যাংক লিমিটেড হতে ট্রেজারীতে টাকা জমার পরিবর্তে বাংলাদেশ সরকারের ট্রেজারী ব্যাংক হিসাবে দায়িত্বরত সোনালী ব্যাংক লিমিটেডে হিসাব সংরক্ষণ করা যায় কি না- সে ব্যাপারেও বর্তমান প্রেক্ষাপটে বিবেচনার দাবী রাখে। প্রকৃত আয় জানার জন্য রেলওয়ের হিসাব বিভাগ কর্তৃক প্রদত্ত তথ্যের পাশাপাশি বাণিজ্যিক বিভাগ থেকে তথ্য সংগ্রহপূর্বক কার্যপত্রে অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। তিনি এই আয়ের হিসাবের পার্থক্য দ্রুততম সময়ে নিরসনের উপর গুরুত্বারোপ করেন।

**আলোচ্যসূচি-২:** অর্থ বিভাগের পরিপত্রের ফরম-গ.১:মোতাবেক ২০১৯-২০ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়ের ১ম কোয়ার্টারের (জুলাই ২০১৯-সেপ্টেম্বর ২০১৯) অর্থনৈতিক কোডওয়ারী পরিচালন ব্যয় ও ব্যয়ের অগ্রগতির হার পর্যালোচনা ও পরিবীক্ষণ:

## পরিচালন ব্যয় (কর্মসূচি ব্যতিত) (২০১৯-২০):

| দপ্তর/সংস্থা | ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা, অর্জন ও শতকরা হার | | | মোট লক্ষ্যমাত্রা, অর্জন ও শতকরা হার | | |
|---|---|---|---|---|---|---|
| | **লক্ষ্যমাত্রা (হাজার টাকায়)** | **অর্জন (হাজার টাকায়)** | **শতকরা হার (%)** | **লক্ষ্যমাত্রা (হাজার টাকায়)** | **অর্জন (হাজার টাকায়)** | **শতকরা হার (%)** |
| রেলপথ মন্ত্রণালয় (সচিবালয়) | ৪৫৩,৬৮.৭৫ | ২,৫২,২১ | **৫৫.৫৯%** | ২০,৫৮,০০ | ২,৫২,২১ | **১২.২৫%** |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | ১১,৬৮ | ১০,৪৩ | ৮৯.৩০% | ৬৯,০০ | ১০,৪৩ | **১৫.১২%** |
| বাংলাদেশ রেলওয়ে | ৮১৪,৩০,৭৫ | ৫৫৩,৫৫,৮০ | **৬৭.৯৮%** | ৩৭৩৭,৯৯,০০ | ৫৫৩,৫৫,৮০ | **১৪.৮১%** |
| সর্বমোট | **৮১৮,৯৬,১১.৭৫** | **৫৫৬,১৮,৪৪** | **৬৭.৯১%** | **৩৭৫৭,২১,২৫** | **৫৫৬,১৮,৪৪** | **১৪.৮০%** |

**সচিবালয়:** সভায় উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের সচিবালয় অংশে ১ম কোয়ার্টারের পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জনের শতকরা হার **৫৫.৫৯%** এবং সার্বিকভাবে ২০১৯-২০ অর্থবছরের রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনের শতকরা হার ১২.২৫% ভাগ। সভাপতি বাজেটের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সচেষ্ট হওয়ার জন্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে অনুরোধ করেন।

**রেলপথ পরিদর্শন অধিদপ্তর:** রেলপথ পরিদর্শন অধিদপ্তরের ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে ১ম কোয়ার্টারে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জনের শতকরা হার **৮৯.৩০%** এবং সার্বিকভাবে ২০১৯-২০ অর্থবছরের মোট লক্ষ্যমাত্রা অর্জনের শতকরা হার **১৫.১২%**, যা সন্তোষজনক প্রতীয়মান হয়।

**বাংলাদেশ রেলওয়ে:** ২০১৮-১৯ অর্থবছরে বাংলাদেশ রেলওয়ের পরিচালন বাজেটের ১ম কোয়ার্টারের ব্যয়ের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন অগ্রগতি অর্জনের শতকরা হার **৬৭.৯৮%** এবং সার্বিকভাবে ২০১৯-২০ অর্থবছরের মোট লক্ষ্যমাত্রা অর্জনের শতকরা হার **১৪.৮১%**, যা সন্তোষজনক নয় মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি অর্থবছরের শুরু হতে বাজেট বাস্তবায়নে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করেন।

**আলোচ্যসূচি-৩:** অর্থ বিভাগের পরিপত্রের ফরম-গ.২; মোতাবেক ২০১৯-২০ অর্থবছরের বাংলাদেশ রেলওয়ের ১ম কোয়ার্টারের (জুলাই ২০১৯-সেপ্টেম্বর ২০১৯) অর্থনৈতিক কোডওয়ারী প্রকল্পভিত্তিক উন্নয়ন ব্যয় ও ব্যয়ের অগ্রগতি পর্যালোচনা ও পরিবীক্ষণ;

(কোটি টাকায়)

| ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন বাজেট বরাদ্দ | | | লক্ষ্যমাত্রা ও অর্জন : ১ম কোয়াটার | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | প্রাক্কলিত ব্যয় | | | প্রকৃত ব্যয় | | | শতকরা হার (%) | | |
| মোট | জিওবি | পিএ | মোট | জিওবি | পিএ | মোট | জিওবি | পিএ | মোট | জিওবি | পিএ |
| ১২১৩০.১০ | ৩৮১৮.২৬ | ৮৩১১.৮৪ | ১৫৭১.৬৭ | ৪৩৬.৮৬ | ১১৩৪.৮১ | ৩১৪.০৩ | ৫৮.৩০ | ২৫৫.৭৪ | ১৯.৯৮% | ১৩.৩৪% | ২২.৫৪% |

উপস্থাপিত তথ্য হতে দেখা যায় বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা ছিল ১৫৭১.৬৭ কোটি টাকা এবং এর বিপরীতে বাজেট বাস্তবায়ন অগ্রগতি ৩১৪.০৩ কোটি টাকা; অর্থাৎ ১৯.৯৮%, যা ২০১৯-২০ অর্থবছরের মোট বরাদ্দের মাত্র ২.৫৯%। মন্ত্রণালয়ের মাসিক উন্নয়ন সভায় ইতোমধ্যে এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়েছে বলে উপসচিব (উন্নয়ন-২) সভাকে অবহিত করেন। সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজসমূহ সমাপ্ত করার জন্য অর্থবছরের শুরু হতেই সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার নির্দেশ প্রদান করেন।

**<u>আলোচ্যসূচি-৪:</u> বিবিধ:**

০৫। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

০৫.০১ রেলপথ মন্ত্রণালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের ১ম কোয়ার্টারের (জুলাই ২০১৯-সেপ্টেম্বর ২০১৯) এর রাজস্ব আয় ও ব্যয় বিবরণী অনুমোদন করা হল। উক্ত আয় ও ব্যয় iBAS++ এ এন্ট্রিসহ অর্থ বিভাগে দাখিল করতে হবে;

০৫.০২ বাংলাদেশ রেলওয়ের রাজস্ব আয়ের প্রকৃত তথ্যের 'রিয়েল-টাইম রিপোর্টিং' এর জন্য করণীয় কার্যক্রম নির্ধারণের লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে, অগ্রণী ব্যাংক, সোনালী ব্যাংক ও বাংলাদেশ ব্যাংক সহ সংশ্লিষ্ট পক্ষদের নিয়ে একটি সভা আয়োজন করতে হবে। বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে।

০৫.০৩ iBAS++ এন্ট্রির সাথে প্রকৃত আয় ও ব্যয়ের পার্থক্য কমিয়ে আনার লক্ষ্যে অর্থবিভাগের সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচির (PMES) আওতায় অন্তর্ভুক্তির জন্য বাংলাদেশ রেলওয়ে সত্বর বিশদ ও সময়ানুগ কর্ম-পরিকল্পনা প্রণয়ন করবে।

৬। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোফাজ্জেল হোসেন)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি
রেলপথ মন্ত্রণালয়।